

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০২১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০. তৃতীয় অনুচ্ছেদ - সাহু সিজদা্

আরবী

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى الْعَصْرَ وَسَلَّمَ فِي قَلَاثِ رَكَعَاتٍ ثُمَّ دَخَلَ مَنْزِلَهُ فَقَامَ إِلَيْهِ رَجُلٌ يُقَالُ لَهُ الْخِرْبَاقُ وَكَانَ فِي يَدَيْهِ طُولٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ فَذَكَرَ لَهُ صَنِيعه فَحْرج غَضْبَانَ يَجُرُّ رِدَاءَهُ حَتَّى انْتَهَى إِلَى النَّاسِ فَقَالَ: «أَصَدَقَ هَذَا؟» . قَالُوا: نَعَمْ. فَصَلَّى رَكْعَةً ثُمَّ سَلَّمَ ثُمَّ سَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ. رَوَاهُ مُسلم

বাংলা

১০২১-[৮] 'ইমরান ইবনু হুসায়ন (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আসরের সালাত আদায় করালেন। তিনি তিন রাক্'আত পড়ে সালাম ফিরালেন তারপর ঘরে প্রবেশ করলেন। খিরবাক নামক এক লম্বা হাতওয়ালা লোক দাঁড়িয়ে গেলেন এবং বললেন, হে আল্লাহর রসূল! অতঃপর তাঁর নিকট ঘটনাটি আলোচনা করলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রাগান্বিত অবস্থায় নিজ চাদর টানতে টানতে মানুষের কাছে পৌঁছলেন অতঃপর জিজ্ঞেস করলেন, সে যা বলছে তা-কি সত্য? সাহাবীগণে বললেন, হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আর এক রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন তারপর সালাম ফিরালেন, তারপর দু'টি সাহু সিজদা্ (সিজদা/সেজদা) দিলেন তারপর সালাম ফিরালেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "তৃতীয় রাক্'আতে সালাম ফিরালেন" মুসনাদে আহমাদে রয়েছে "তিন রাক্'আত আদায় করে সালাম ফিরালেন"। তবে অধিকাংশ বর্ণনায় রয়েছে তিন রাক'আতে সালাম ফিরালেন। "অতঃপর তিনি স্বীয় আবাসে



প্রবেশ করলেন"। এ অংশ থেকে জানা যায় ভুলবশতঃ কিবলার দিক ছেড়ে দিলে এবং বেশী পরিমাণ হাঁটলেও সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্ট হয় না। যুল্ ইয়াদায়নের ঘটনার পূর্বে বর্ণিত আবূ হুরায়রার হাদীস এবং ঘটনার 'ইমরান বর্ণিত হাদীস অনেকের মতে একই ঘটনার বর্ণনা। ইমাম ইবনু খুযায়মাহ্ এবং ইমাম নাবাবী ও তার অনুসারীদের মতে হাদীস দু'টি ভিন্ন ঘটনার বর্ণনা। হাফিয ইবনু হাজার বলেনঃ এ মত ভিন্নতার কারণ দুই হাদীসের বর্ণনার ভিন্নতা।

আবৃ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীসে উল্লেখ রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' রাক্'আত আদায় করার পর সালাম ফিরালেন এবং সালাত শেষে তিনি মসজিদের পাশে রাখা কাঠের কাছে গিয়ে দাঁড়ালেন। পক্ষান্তরে 'ইমরানের হাদীসে বর্ণিত হয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিন রাক্'আত সালাত আদায় করে সালাম ফিরালেন এবং সালাত শেষে তিনি স্বীয় আবাসে প্রবেশ করলেন। এতে বুঝা যায় দু'টি ভিন্ন ঘটনা। যারা দু'টি হাদীসকে একই ঘটনার বিবরণ বলে মনে করেন তারা হাদীসে দু'টির সমন্বয় করেছেন এভাবে।

- ১. রাক্'আত সংক্রান্ত বর্ণনার সমস্বয় এই যে, তৃতীয় রাক্'আত বলতে তৃতীয় রাক্'আতের শুরু করার সময়ে রাক্'আত শুরু না করে সালাম ফিরিয়েছেন। এ সমস্বয়কে অনেকেই অসম্ভব বলে মনে করলেও তা এর চেয়ে বেশী অসম্ভব নয় যে, উভয় ঘটনায় একই ব্যক্তি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করবেন। আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণকে ঐ একই ব্যক্তির কথার সত্যতা সম্পর্কে প্রশ্ন করবেন।
- ২. কাঠের নিকট যাওয়া ও স্বীয় আবাসে প্রবেশ সংক্রান্ত ঘটনার সমন্বয় এই যে, বর্ণনাকারী 'ইমরান যখন দেখলেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত শেষে কাঠের দিকে অগ্রসর হচ্ছে তখন তিনি মনে করেছেন যে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় আবাসে প্রবেশ করতে যাচ্ছেন। আর কাঠিট তাঁর আবাসের দিকেই ছিল। ঘটনা হয়ত এটিই হবে অন্যথায় আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীসটি অগ্রাধিকার পাবে। ইবনু 'উমার (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস ও আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীসের বিবরণের মধ্যে সামঞ্জস্য থাকার কারণে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন